গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মোঃ সহিদউল্যাহ অতিরিক্ত সচিব, সিপিটি, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ	২২ মে ২০২২ তারিখ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের অফিস কক্ষ [ভবন নং-৩, কক্ষ নং-১০১, দ্বিতীয় তলা] জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সরকারি সেবার গুণগত মান উন্নয়নে সরকার আন্তরিক ভাবে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যে সরকারি সেবায় ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী উদ্যোগের প্রয়োগকে প্রাতিষ্ঠানিকভাবে উৎসাহিত করতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত বেশকিছু সেবাকে সহজীকরণ, ডিজিটাইজেশন ও উদ্ভাবনের মাধ্যমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রমের আওতায় আনা হয়েছে। সভাপতি এ মন্ত্রণালয়ের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য সিপি-৩ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আহব্বান জানান।

০২। সিপি-৩ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বার্ষিক কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রতিটি সূচকের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজীকরণ ও ডিজিটাজেশনের (কার্যক্রম ১.১, ১.২ ও ১.৩) এর লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জিত হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরিত হয়েছে। ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা (কার্যক্রম ১.৪) লক্ষ্যমাত্রায় নির্ধারিত সময়ের পূর্বেই আয়োজিত হয়েছে। চলতি ত্রৈমাসিকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-ফাইলে নোট নিষ্পত্তি (কার্যক্রম ১.৫) এর হার ৯৫.২১% যা লক্ষ্যমাত্রার অনুপাতে সন্তোষজনক। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মশালার (কার্যক্রম ১.৬) তিনটি ইতোমধ্যে আয়োজিত এবং আগামী ৯ জুন ২০২২ ৪র্থ পর্যায়ের কর্মশালাটি আয়োজনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকরণ (কার্যক্রম ২.১) করা হয়েছে এবং প্রতিবেদন প্রেরিত হয়েছে। ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের (কার্যক্রম ২.২) নিমিত্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজিত হয়েছে, ই-গভর্ন্যান্স কর্মপরকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ৯৭.১২% ব্যয়িত হয়েছে এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪টি সভা আয়োজিত হয়েছে। কর্মপরিকল্পনা অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হয়েছে। বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শনের নিমিত্ত

আগামী ২৬ মে ‘মাতৃমৃত্যু মুক্ত কাপাসিয়া মডেল’ পরিদর্শনের জন্য অফিস আদেশ জারি করা হয়েছে। নির্ধারিত তারিখে পরিদর্শনকারী দল উক্ত উদ্যোগটি পরিদর্শন করলে এই লক্ষ্যমাত্রাটিও অর্জিত হবে।

০৩। সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ শাখা বিগত সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের বিপরীতে অগ্রগতি উপস্থাপন করেন। বিগত সভার তিনটি সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। বিগত সভার ৪র্থ সিদ্ধান্ত ‘সেবা গ্রহীতাদের সেবাপ্রাপ্তি আরো সহজলভ্য করতে মন্ত্রণালয়ের শাখা কর্মকর্তাদের তথ্যের সঙ্গে সংশ্লিষ্ট শাখার কক্ষ নম্বর ওয়েবসাইটে প্রকাশের উদ্যোগ’ বাস্তবায়নে সিনিয়র সিস্টেম এনালিস্টকে পুনরার তাগিদ প্রদানের বিষয়ে সদস্যবৃন্দ মতপ্রকাশ করেন। সভাপতি সভাকে জানান যে, মাঠ পর্যায়ে সরকারি সেবায় উদ্ভাবনী উদ্যোগকে উৎসাহিত করতে ও উদ্ভাবনী কার্যক্রমের সুফল নাগরিকদের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিভাগসমূহে ইনোভেশন শোকেসিং আয়োজিত হচ্ছে। ইতোমধ্যে পাঁচটি বিভাগ হতে সেরা ইনোভেশন উদ্যোগের তালিকা পাওয়া গেছে। সকল বিভাগ হতে সম্ভাবনাময় ইনোভেশন উদ্যোগের তালিকাপ্রাপ্তির প্রেক্ষিতে বাছাইকৃত উদ্যোগ পাইলটিং-এর ব্যবস্থা করা হবে।

০৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহঃ

(১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময় ও সূচক অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকে সকল লক্ষমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।

(২) ১৫ জুলাই ২০২২ এর নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(৩) সেবা গ্রহীতাদের সেবাপ্রাপ্তি সহজ করতে শাখা কর্মকর্তাদের তথ্যের সাথে সংশ্লিষ্ট শাখার কক্ষ নম্বর ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

০৫। অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ সহিদউল্যাহ
অতিরিক্ত সচিব, সিপিটি, জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৪.২১.৭২

তারিখ: ৩ আষাঢ় ১৪২৯
১৭ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, বাবাকো অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) উপসচিব , শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৮) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

১০) ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব, সিপিটি মহোদয়ের সদয় অবগতির জন্য)



মৌরীন করিম
সিনিয়র সহকারী সচিব

২২/০৫/২০২২ তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় অনুষ্ঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ সভায় উপস্থিত কর্মকর্তাগণ :

ক্র. নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
১.	ড. মোহাম্মদ জিয়াউল হক যুগ্মসচিব (প্রশাসন)	[illegible]	[illegible] 22.05.2022
২.	মোঃ নুরুল হক উপসচিব (শৃঙ্খলা-১)	01717-136861 ds1@mopa.gov.bd	[illegible] 22/05/22
৩.	আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	01711-154459 ORACLE.BILASH@GMAIL.COM	[illegible] 22/05/2022
৪.	মোঃ মশিউর রহমান তালুকদার উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	01718031443, moshiur78[illegible]@yahoo.com	[illegible] 22.05.2022
৫.	মো: মোস্তফা এ্যাসাইনমেন্ট অফিসার জনপ্রশাসন মন্ত্রণালয়	01671724595 shaonmostofa@gmail.com	[illegible] 22.05.2022

E:\Others\Meeting Folder\হাজিরা.docx